# ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড

# সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাসিত

# প্রশ্নাদির উত্তর


ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

**বাংলাদেশ ব্যাংক**

ওয়েবসাইটঃ **www.bangladeshbank.org.bd**



জুলাই, ২০১২


**এই প্রচারপত্রের ভাষ্য প্রাসঙ্গিক বিধিব্যবস্থাদির সংক্ষিপ্ত সরলীকৃত বর্ণনাঃ অনুসরনীয় মূল নির্দেশনার জন্য ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড রুলস (২০০২) এবং তৎপরবর্তী প্রজ্ঞাপন/বন্ড সংক্রান্ত পরিপত্রগুলো দ্রষ্টব্য**

## ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাসিত প্রশ্নাদি/
## Frequently Asked Questions(FAQ) এর উত্তর

১. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কি উদ্দেশ্যে প্রবর্তন করা হয়েছে?

উত্তরঃ বিদেশে কর্মরত প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণকে তাদের উপার্জিত বৈদেশিক মুদ্রা অধিকতর লাভে বাংলাদেশে বিনিয়োগের জন্য আকৃষ্ট করার লক্ষ্যে ২০০২ সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড নামক সঞ্চয় বন্ড প্রবর্তন করেছে।

২. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কি?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড হ'ল বাংলাদেশ সরকার কর্তৃক প্রবর্তিতএক প্রকার মুনাফাভিত্তিক সঞ্চয় বন্ড।

৩. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কারা ক্রয় করতে পারে?

উত্তরঃ প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড ক্রয় করতে পারে।

৪. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড টাকায় না ডলারে ইস্যু করা হয়?

উত্তরঃ এ বন্ড মার্কিন ডলারে ইস্যু করা হয়।

৫. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কত বছর মেয়াদী?

উত্তরঃ এ বন্ড তিন(০৩) বছর মেয়াদী ।

৬. ইউ.এস.ডলার প্রিমিয়াম বন্ড কি পুন:বিনিয়োগযোগ্য?

উত্তরঃ হ্যাঁ, মেয়াদপূর্তির পর এ বন্ড স্বয়ংক্রিয়ভাবে পুন:বিনিয়োগযোগ্য ।

৭. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড কিভাবে ক্রয় করা যায়?

উত্তরঃ প্রবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভুত বিদেশী নাগরিকগণ বিদেশ থেকে তার বৈদেশিক মুদ্রা(এফ.সি) হিসাবে প্রেরিত অর্থ দ্বারা বন্ডের ক্রয়মূল্য পরিশোধ করে এ বন্ড ক্রয় করতে পারে। তাছাড়া, বৈদেশিক মুদ্রার চেক বা ড্রাফটের মাধ্যমে মূল্য পরিশোধ করেও এ বন্ড ক্রয় করতে পারে ।

৮. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড ক্রয়ের জন্য কিভাবে আবেদন করতে হয়?

উত্তরঃ বিদেশে অবস্থিত বাংলাদেশী তফসিলি ব্যাংকসমূহের শাখা এবং তাদের আওতাধীন এক্সচেঞ্জ কোম্পানী ও দেশে তফসিলি ব্যাংকসমূহের এডি শাখাসমূহে প্রিমিয়াম বন্ড ক্রয়ের আবেদনপত্র ডিপিবি-১ ফরম পূরণ করে বন্ড ক্রয়ের আবেদন করা যায় ।

৯. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের আবেদনপত্র ডিপিবি-১ ফরম কি ক্রয় করতে হয়?

উত্তরঃ না, ডিপিবি-১ ফরম ইস্যু অফিসগুলোতে বিনামূল্যে পাওয়া যায় ।

১০. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের আবেদনপত্র ডিপিবি-১ ফরম কি ক্রয় করতে হয়?

উত্তরঃ না, ডিপিবি-১ ফরম ইস্যু অফিসগুলোতে বিনামূল্যে পাওয়া যায় ।

১১. বিদেশস্থ ইস্যু অফিস থেকে ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড ক্রয় করা হলে সেখান থেকেই কি বন্ডের মুনাফা উত্তোলন, নগদায়ন ওবন্ড পুন:বিনিয়োগ করা যায়?

উত্তরঃ না, বিদেশস্থ ইস্যু অফিস থেকে এ বন্ড নগদায়ন, মুনাফা উত্তোলন এবং পুনঃবিনিয়োগ করা যায় না। তবে, বিদেশে বসবাসকারী কোন ব্যক্তি তার আবেদনপত্রে উল্লিখিত বাংলাদেশস্থ প্রদানকারী অফিসে (Paying Office) প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করে উক্ত বন্ড নগদায়ন, মুনাফা উত্তোলন এবং পুনঃবিনিয়োগ করার সুযোগ পাবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্ত অর্থ বন্ড ধারকের আবেদন মোতাবেক এফ.সি একাউন্ট অথবা এফটিটি/এফডিডি এর মাধ্যমে বিদেশে ফেরৎ নেয়ার সুযোগ পাবেন।

১২. বর্তমানে কি কি মুল্যমানের ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড চালু আছে?

উত্তরঃ বর্তমানে ৫০০; ১,০০০; ৫০০০; ১০,০০০ এবং ৫০,০০০ মার্কিন ডলার মূল্যমানের ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড চালু আছে।

১৩. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের কি কোন ক্রয় সীমা আছে?

উত্তরঃ না, এ বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে কোন ক্রয় সীমা নাই ।

১৪. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের বিপরীতে ঋণ গ্রহণ করা যায় কি না?

উত্তরঃ হ্যাঁ, এ বন্ড বাংলাদেশী তফসিলি ব্যাংকসমূহে জামানত রেখে ঋণ গ্রহণ করা যায়।

১৫. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মুনাফার হার কত ?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মুনাফার হার মেয়াদান্তে ৭.৫০% ।

১৬. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মুনাফার হার কত ?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মুনাফার হার মেয়াদান্তে ৭.৫০% ।

১৭. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড মেয়াদপূর্তির পূর্বে নগয়াদন করলে মুনাফার হার কত?

উত্তরঃ বন্ড ক্রয়ের তারিখ হতে-

০১ বছরের পূর্বে নগয়াদন করলে কোনো মুনাফা দেয়া হয় না ।

০১ বছর পর কিন্তু ০২ বছরের পূর্বে মূনাফার হার = ৬.৫০%

০২ বছর পর কিন্তু ০৩ বছরের পূর্বে মূনাফার হার = ৭.০০%

০৩ বছর পূর্তির পর মূনাফার হার = ৭.৫০%

১৮. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মুনাফা কি ডলারে নেয়া যায়?

উত্তরঃ এ বন্ডের মুনাফা ডলারেহিসাবায়ন করার পর প্রাপ্য অর্থ সমমূল্য বাংলাদেশী টাকায় প্রদান করা হয় ।

১৯. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের আসল অর্থ কি টাকায় নেয়া যায়?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের আসল অর্থ সবসময় ডলারে প্রদান করা হয় । তবে, বন্ড ধারক ইচ্ছা করলে মূল অর্থ সমমূল্য টাকায়ও নিতে পারে ।

২০. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকৃত মূল অর্থ কি বিদেশে প্রত্যাবাসন করা যায়?

উত্তরঃ হ্যাঁ, ইউ. এস. ডলার প্রিমিয়াম বন্ডের মূল অর্থ বৈদেশিক মুদ্রায় বিদেশে প্রত্যাবাসন করা যায় ।

২১. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকৃত অর্থ কি কর মুক্ত?

উত্তরঃ হ্যাঁ, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকৃত মূল অর্থ ও অর্জিত মুনাফা উভয়ই আয়কর মুক্ত ।

২২. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে কি নমিনী নিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, ক্রেতা তার ক্রয়কৃত বন্ডের নমিনী নিয়োগ করতে পারে । তবে প্রতিটি বন্ড স্ক্রিপের জন্য একজনের বেশি নমিনী নিয়োগ করা যায় না ।

২৩. নমিনী কি বাতিল/পরিবর্তন করা যায়?

উত্তরঃ হ্যাঁ, ক্রেতা/বন্ডধারক তার মনোনীত নমিনীকে যে কোন সময় বাতিল/পরিবর্তন করতে পারে । এক্ষেত্রে বন্ডধারককে বন্ডের ইস্যু অফিসে আবেদন করতে হয় ।

২৪. বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই যদি নমিনীর মৃত্যু হয় সেক্ষেত্রে কি নতুন নমিনী নিয়োগ করা যায়?

উত্তরঃ হ্যাঁ, বন্ড ধারকের মৃত্যুর পূর্বেই নমিনীর মৃত্যু হলে বন্ডধারক নতুন নমিনী নিয়োগ করতে পারে ।

২৫. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগের জন্য কি সিআইপি(CIP) মর্যাদা দেয়া হয়?

উত্তরঃ হ্যাঁ, এ বন্ডে ১.০০ মিলিয়ন বা তদূর্ধ্ব মার্কিন ডলার বিনিয়োগ করলে ক্রেতাকে সিআইপি(CIP) হিসাবে গণ্য করা হয় এবং বিনিয়োগকারী সিআইপিদের জন্য প্রযোজ্য নানাবিধ রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা প্রাপ্য হন ।

২৬. সিআইপি(CIP) সুবিধা পাওয়ার নিয়ম কি?

উত্তরঃ সিআইপি সুবিধা পেতে বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রনালয়েরঅভ্যন্তরীন সম্পদ বিভাগ বরাবর আবেদন করতে হয় ।

২৭. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে কি মৃত্যু-ঝুঁকি সুবিধা আছে?

উত্তরঃ হ্যাঁ, বন্ড ধারককের মৃত্যুতে তার ক্রয়কৃত বন্ডের উপর নমিনীকে মৃত্যু-ঝুঁকি সুবিধা দেয়া হয় ।

২৮. মৃত্যু-ঝুঁকি সুবিধা পাওয়ার নিয়ম কি?

উত্তরঃ মৃত্যু-ঝুঁকি সুবিধা পেতে বন্ড ধারককের মৃত্যুর তারিখ হতে ০৩ মাসের মধ্যে নমিনীকে আবেদন করতে হয় ।

২৯. মৃত্যু-ঝুঁকি সুবিধার জন্য কি পরিমান আর্থিক সুবিধা দেয়া হয়?

উত্তরঃ ক্রেতার মৃত্যুতে তার ক্রয়কৃত বন্ডের ১৫% হতে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকি সুবিধা দেয়া হয় । তবে সর্বোচ্চ ২০,০০,০০০/= টাকার উর্ধ্বে নয় ।

৩০. মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ কি ডলারে দেয়া হয়?

উত্তরঃ না, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ সবসময় টাকায় দেয়া হয় ।

৩১. মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ গ্রহনের ক্ষেত্রে বন্ডের নমিনীর মৃত্যু হলে কিভাবে অর্থ পাওয়া যাবে?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের বন্ড ধারক ও নমিনী উভয়ের মৃত্যু হলে বৈধ উত্তরাধিকারী(গণ) মৃত্যু-ঝুঁকি সুবিধার অর্থ পাবেন ।

৩২. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডে মৃত্যু-ঝুঁকি হিসেবে প্রাপ্ত অর্থ কি বিদেশে ফেরৎ নেয়া যায়?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ডের বন্ড ধারক ও নমিনী উভয়ের মৃত্যু হলে বৈধ উত্তরাধিকারী(গণ) অনিবাসী বাংলাদেশী হলে মৃত্যু-ঝুঁকি সুবিধা হিসেবে প্রাপ্ত অর্থ সমমূল্য বৈদেশিক মুদ্রায় বিদেশে ফেরৎ নিয়ে যেতে পারবে।

৩৩. ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে কি ডুপ্লিকেট বন্ড ইস্যু করা যায়?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে ডুপ্লিকেট বন্ড ইস্যু করা হয়।

৩৪. ডুপ্লিকেট বন্ড ইস্যুর নিয়ম কি?

উত্তরঃ বন্ড হারিয়ে গেলে বা চুরি হলে সাথে সাথে বিষয়টি প্রদানকারী অফিসে অবহিত করতে হয় এবং এ ব্যাপারে নিম্নলিখিত নিয়ম পরিপালন করতে হয় ঃ-

১। স্থানীয় থানায় জিডি এন্ট্রি করা ২। ইনডেমনিটি বন্ড সম্পাদন করা ৩। ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফি জমা দেয়া ।

৩৫. নষ্ট ও বিকৃত বন্ডের ক্ষেত্রে ডুপ্লিকেট বন্ড ইস্যুর নিয়ম কি?

উত্তরঃ নষ্ট ও বিকৃত বন্ডের ক্ষেত্রে বন্ড ধারককে প্রদানকারী অফিসে আবেদন করতে হবে এবং ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফিসহ নষ্ট ও বিকৃত বন্ড জমা দিলে ডুপ্লিকেট বন্ড ইস্যু করা হয় ।

৩৬. ডুপ্লিকেট বন্ডের জন্য কত ফি লাগে?

উত্তরঃ ইউ.এস. ডলার প্রিমিয়ামবন্ডের ডুপ্লিকেট বন্ড ইস্যুর ফি নিম্নরূপ ঃ-

৫০০ ও ১০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 5

৫০০০ ও ১০০০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 10

৫০০০০ মূল্যমানের প্রতি বন্ড স্ক্রিপের জন্য US$ 15

৩৭. ডুপ্লিকেট বন্ড ইস্যু করার জন্য কত দিন লাগে?

উত্তরঃ হারিয়ে যাওয়া বা চুরি হওয়া বন্ডের বিপরীতে ডুপ্লিকেট বন্ড ইস্যুর জন্য ০২ মাস সময় লাগে ।

উল্লিখিত তথ্যের অতিরিক্ত কোন তথ্য বা ব্যাখ্যার প্রয়োজন হলে যোগাযোগ করুনঃ

মহাবব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

ফোনঃ ৯৫৩০১৩১ ফ্যাক্সঃ ৯৫৩০২০৫